# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College affiliated to University of Calcutta)**

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, MARCH 2021**

**SECOND YEAR [BATCH 2019-22]**

Date : 16/03/2021 **BENGALI (HONOURS)**

Time : 11.00 am - 1.00 pm **Paper : VI [CC6]** Full Marks : 50

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। [১×১০]

ক) বাংলা কাব্য-সাহিত্যের ইতিহাসে কবি মধুসূদন দত্তের গুরুত্ব আলোচনা করো।

খ) কবি বিহারীলাল চক্রবর্তীর কাব্যধারার স্বতন্ত্র বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। [১×১০]

ক) পুরাণ-প্রতিমার রূপকার হিসাবে কবি সত্যেন্দ্রনাথ দত্তের কৃতিত্ব আলোচনা করো।

খ) কবি কালিদাস রায়ের কবিতা আধুনিকতার সপক্ষে কতখানি ছিল— আলোচনা করো।

৩। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। [১×১০]

ক) কবি জীবনানন্দ দাশের কাব্যধারার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

খ) কবি সুধীন্দ্রনাথ দত্তের কবিতার বিষয়-বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। [১×১০]

ক)

## জীবন-ভিক্ষা

(বুদ্ধদেবের প্রতি কিসা-গোতমীর)

"দেউলে-দেউলে কাঁদিয়া ফিরি গো,
দুলালে আগলি বক্ষে,
বিয়োগ-উৎস উষ্ণ সরিতে
দুর-বিগলিত চক্ষে,
শত চুম্বনে মেলেনা নয়ন,—
চুরি গেছে মোর আঁচলের ধন!
অভাগী বিহগী দারুণ আহত
মরণ-শ্যেনের পক্ষে।

স্তন-ক্ষীরধার অধরে বাছার
আজি কি লাগিছে তিক্ত?
রসনা-প্রসূন কোন পরসাদ-
মধুরসে পরিষিক্ত!
মুখচম্পকে মরুর বর্ণ,
শুষ্ক অধর-কমল-পর্ণ,—
কি পাপে আমার প্রাণের ইন্দু
সুধার-বিন্দু-রিক্ত?

অমরা-মাধুরী আধ-আধ বুলি ;
কুন্দ বৃন্ত-ছিন্ন
দন্ত-রুচিতে কই সে কান্তি
পুণ্য-হাসির চিহ্ন?
জানি, প্রভু, তব পাণির পরশে,
ননীর পুতলি জাগিবে হরষে!
কোন পাষাণের বিষমাখা বাণে
এ নয়ন-মণি ভিন্ন?

কানন হয়েছে আমার ভুবন
সুখশশী রাহুগ্রস্ত,
ধাই দিশেহারা— রোদনের রোলে
ধ্বনিয়া উদয়-অস্ত।
যেদিকে তাকাই, বাছা মোর নাই!
প্রাণ দিলে যদি প্রাণ ফিরে পাই—
উড়িয়া-উড়িয়া শ্মশানের ছাই
ভরিল বিকল হস্ত।

প্রভু, অবনীর এই পদ্ম-বেদিতে
হরিলে ত্রিতাপ-দুঃখ,
যাত্রা করেছ, " দুর্গম পথ
ক্ষুর-ধার-সম সূক্ষ্ম।
দিলে তপোবন, মহানির্বাণ,
কুমারে আমার কর প্রাণদান—"
লুটায় যুবতী বুদ্ধ-চরণে
আলু-থালু কেশ রুক্ষ!

চাহেন শুদ্ধ, সৌম্য, শান্ত
গৌতম ধ্যান-ভঙ্গে,
অখিল-পাবন করুণা-জ্যোৎস্না
বরষি বালক-অঙ্গে—
নিমেষের তরে মেলিবে কি চোখ?
উথলি অরুণ-পুলক-আলোক,
নিবাবে আগুন কিসা-গোতমীর
শিশুহারা উৎসঙ্গে?

কহেন বুদ্ধ, "কুমার তোমার
নীরব-সমাধি-মগ্ন,
বরণ করেছে চিরসুন্দর
মরণের মহালগ্ন ;
থাকে যদি কোথা অশোক-আলয়,
ভিখ মাগি আন সর্ষপ-চয়,
পরশে তাহার দুলিয়া উঠিবে
পরান-মৃণাল ভগ্ন।"

বিশাল পুরীর দ্বারে-দ্বারে ঘুরে,
কেহ নাহি দেয় ভিক্ষা,
নিবেদিল শেষে গুরুপদে এসে,—
"শিখাইলে শেষ শিক্ষা,
জীয়াতে চাহিনা তনয়ে আমার,
ভবনে-ভবনে ওঠে হাহাকার—
হর জগতের বিরহ-আঁধার
দাও গো অমৃত-দীক্ষা।"

করুণানিধান বন্দ্যোপাধ্যায়ের লেখা উদ্ধৃত কবিতাটি রূপ-রীতি-প্রকরণের বিচারে কোন্ শ্রেণিতে পড়বে — আলোচনা করো।

খ) আজকের যুগের সংরূপ হিসেবে গীতিকবিতা জনপ্রিয় হয়েছে এবং মহাকাব্য আর রচিত হয় না। এর পিছনে কী কারণ থাকতে পারে বলে তুমি মনে কর?

৫। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর লেখো। [১×১০]

ক) ননসেন্স ভার্স ও লিমেরিকের সংজ্ঞা, বৈশিষ্ট্য এবং উভয়ের সাদৃশ্য-বৈসাদৃশ্যের দিকটিকে পরিস্ফুট করো।

খ) বাংলা লোকসংগীত সম্পর্কে একটি নিবন্ধ রচনা করো।

——— × ———